



বেনু কুমার দে মুত্তাফিজুর রহমান

চবি শিক্ষক সমিতি সব পদেই হলুদ দল জয়ী

■ চবি প্রতিনিধি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শিক্ষক সমিতির নির্বাচনে সবক'টি (১১) পদেই জয় পেয়েছে আওয়ামী লীগ ও বামপন্থি শিক্ষকদের সংগঠন হলুদ দল। নির্বাচন সকাল ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান অর্জুঘদ মিলনায়তনে ভোট গ্রহণ শেষে রাত ৮টার এ ফল ঘোষণা করা হয়।

সভাপতি পদে রসায়ন বিভাগের অধ্যাপক বেনু কুমার দে এবং সাধারণ সম্পাদক পদে রাজনীতি বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মুত্তাফিজুর রহমান খিদ্দিকী নির্বাচিত হয়েছেন। নির্বাচনে মোট ৮৩১ শিক্ষকের মধ্যে ৭১২ জন ভোট দেন।

এদিকে সহসভাপতি পদে সমুদ্র ও মৎস্য বিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. রাশেদ-উন-নবী, কোষাধ্যক্ষ পদে মাইক্রোবায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. তৌহিদ হোসেন ও যুগ্ম সম্পাদক পদে মার্কেটিং স্টাডিজ বিভাগের প্রভাষক কামরুল হাসান জয়ী হয়েছেন।

এ ছাড়া ছয়টি সদস্য পদে জয়ী হয়েছেন চারুকলায় সহযোগী অধ্যাপক জামিম উদ্দিন, পদার্থবিদ্যায় অধ্যাপক ড. দেব প্রসাদ পাল, আইন বিভাগের সহযোগী অধ্যাপক নির্মল কুমার সাহা, আধুনিক ভাষা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মঞ্জুরুল আলম, ফলিত পদার্থবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক মো. শাহ আলম ও বাংলা বিভাগের অধ্যাপক ড. শিরীন আকতার।